ইত্তেফাক

তারিখ ... ৩/১১/৪০ ...

পৃষ্ঠা ... ... কলাম ...

018

# প্রাথমিক শিক্ষকদের ধর্মঘট

(ইত্তেফাক রিপোর্ট)

প্রাথমিক বিদ্যালয় স্থানীয় সরকারের আওতায় ন্যস্ত করার সরকারী সিদ্ধান্ত প্রত্যাহারের দাবীতে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির আহ্বানে প্রথম পর্যায়ে গত শনিবার হইতে ঢাকা মহানগরীর প্রাথমিক শিক্ষকগণ অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট শুরু করিয়াছেন।

ঐদিন বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ ও সাধারণ সম্পাদক কাজী ফজলুল হক সংবাদপত্রে প্রদত্ত এক বিবৃতিতে দাবী করেন: "প্রাপ্ত সংবাদ অনুযায়ী ঢাকা মহানগরীর মোট ২ শত ২২টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১৪টি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ পূর্ণ ধর্মঘট পালন করেন নাই। অবশিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ পূর্ণ ধর্মঘট পালন করিয়াছেন।" বিবৃতিতে দাবী আদায় না হওয়া পর্যন্ত সংগ্রাম অব্যাহত রাখার জন্য প্রাথমিক শিক্ষকদের প্রতি আহ্বান জানাইয়া ঢাকা মহানগরীর প্রাথমিক শিক্ষকদের সমর্থনে দেশের সকল জেলা সদরে প্রতিবাদ সভা অনুষ্ঠান এবং ডেপুটি কমিশনারের নিকট স্মারকলিপি প্রদানের জন্য সমিতির শাখাসমূহের প্রতি নির্দেশ দেওয়া হইয়াছে।

## ধর্মঘটবিরোধী বক্তব্য

গত (শনিবার) মতিঝিল থানা প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক জনাব এ, বি, এম, চান মিয়া এক বিবৃতিতে বলেন: "মহানগরীর কোন প্রাথমিক বিদ্যালয়েই অদ্য ধর্মঘট পালিত হয় নাই। এমনকি সংগ্রাম পরিষদের আহ্বায়ক জনাব ফজলুর রহমানের স্কুলেও ধর্মঘট পালিত হয় নাই।"